বুড়িপোতা ইউপি নির্বাচনে সদস্য প্রার্থী মনসুর আলীর মোটরসাইকেল শোভাযাত্রা

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদের নির্বাচনকে সামনে রেখে মোটরসাইকেল শোভাযাত্রা করেছে মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের শালিকা গ্রামের ইউপি সদস্য প্রার্থী মোহাম্মদ মনসুর আলী।

সোমবার সকালে দিকে মনোনয়নপত্র জমা দেওয়ার পর তিনি এ মোটরসাইকেল শোভাযাত্রার আয়োজন করেন।মোটরসাইকেল শোভাযাত্রাই মোহাম্মদ মনসুর আলী বলেন বিগত দিনের ভুল-ত্রুটি ক্ষমা করে আগামীতে আর একবার সুযোগ দিতে আহ্বান জানান।

শালিকা গ্রামের আওয়ামী লীগ নেতাকর্মীরা এসময় তার সাথে ছিলেন। এর আগে মোহাম্মদ মনসুর আলী রিটার্নিং অফিসার কবীর উদ্দিনের কাছে তার মনোনয়নপত্র জমা দেন।

দর্শনায় ১০৯৬ পিচ ট্যাপেন্টা ট্যাবলেটহ আটক ১

দর্শনা থানা পুলিশ মাদক অস্ত্র ও জুয়া বিরোধী অভিযান চালিয়ে ট্যাপেন্টা ট্যাবলেট ও গাজাসহ ৩ জনকে আটক করেছে। জানা গেছে গত রবিবার ভোর সাড়ে ৪ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবিরের নেতৃত্বে অভিযান চালায় দর্শনা পৌর শহরের দর্শনা দক্ষিনচাঁদপুর গ্রামে।

দর্শনা থানার চৌকস অফিসার এস আই সুমন্ত বিশ্বাস,এ এস আই আনারুল ইসলাম এ এস আই আবু বক্কর সিদ্দিক সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে উদ্ধার করে ১০৯৬ পিচ ট্যাপেন্টা ট্যাবলেট।এ সময় পুলিশ

দর্শনা দক্ষিনচাঁদপুর লাইন পাড়ার লাল মিয়ার ছেলে সামারুল (২৭) কে আটক করে।

পরে পুলিশ তার ঘরের ভিতর থেকে নিষিদ্ধ ১০৯৬ পিচ ট্যাপেন্টা ট্যাবলেট উদ্ধার করে।এ ঘটনায় এস আই সুমন্ত বিশ্বাস বাদি হয়ে মামলা দায়ের করে।

গাংনীতে পৃথক অভিযানে ফেন্সিডিলসহ ২ জন আটক

মেহেরপুরের গাংনীতে পৃথক পৃথকভাবে অভিযান চালিয়ে ২৭ বোতল ফেন্সিডিলসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

সোমবার বিকেলে মেহেরপুর জেলার গাংনী উপজেলার কল্যানপুর কালীতলা মোড় এলাকায় অভিযান চালিয়ে মহিদুল (৩৫) কে ও একই উপজেলার সহড়াতলা গ্রাম থেকে সজিব হোসেন (২০) নামের দুই মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়। মহিদুল ইসলাম গাংনী উপজেলার সহড়াতলা গ্রামের মোখলেসুর রহমানের ছেলে ও সজিব একই গ্রামের লালন হোসেনের ছেলে।

জানা গেছে গোপন সূত্রে খবর পেয়ে মেহেরপুর ডিবি পুলিশের ইন্সপেক্টর তরিকুল ইসলামের নেতৃত্বে এসআই অজয় কুমার কুন্ডু, বিশ্বজিৎ সরকার, এএসআই মাহাতাব উদ্দিনসহ সঙ্গীয় ফোর্স নিয়ে

কল্যানপুর কালীতলা মোড় এলাকায় অভিযান চালিয়ে মহিদুলকে ২০ বোতল ও সজিব হোসেন কে তার নিজ বাড়ি থেকে ৭ বোতল ফেন্সিডিলসহ আটক করে। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

চুয়াডাঙ্গায় জাতীয় যুব দিবস পালন

“দক্ষ যুব সমৃদ্ধ দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গায় পালিত হলো জাতীয় যুব দিবস।জাতীয় যুব দিবস উপলক্ষে আলোচনা সভা, যুব ঋণের চেক প্রদান ও সনদপত্র বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা সদরের জাফরপুর যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের হল রুমে জাতীয় যুব দিবসে পালন করা হয়। চুয়াডাঙ্গায় জেলা প্রশাসন ও যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক আলোচনাসভা, যুব ঋণের চেক প্রদান ও সনদপত্র বিতরণ করা হয়।

চুয়াডাঙ্গা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ পরিচালক মোঃ মোয়াজ্জেম হোসেন গাজী সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত চুয়াডাঙ্গা সুপার মোঃ জাহিদুল ইসলাম।এ সময় তিনি বলেন, বিশ্বের সব দেশের সরকারের মধ্যে তাদের দেশের যুবকদের প্রতি মনোযোগ দেওয়া এবং তাদের প্রয়োজনীয়তা পূরণের জন্য সচেতনতা তৈরি করা এই দিবসের লক্ষ্য।

বিশ্বের সব দেশকে সচেতন করা যে, যুবকদের প্রতি মনোযোগ দেয়ার প্রয়োজন আছে। তাদের শিক্ষা থেকে স্বনির্ভর হওয়ার পথে তাদের সাহায্য করা সরকারের কর্তব্য। এই উপলব্দি করতে প্রতিবছর যুব দিবস পালিত হয়।বাংলাদেশের জন্য দিবসটি বিশেষভাবে তাৎপর্যপূর্ণ। কারণ বর্তমানে বাংলাদেশের প্রায় অর্ধেক জনগোষ্ঠিই তরুণ ও যুবক। তারাই উন্নত বাংলাদেশ বিনির্মাণের প্রকৃত কারিগর।

উক্ত অনুষ্ঠানে জাতীয় যুব দিবস উপলক্ষে ২৪জন প্রশিক্ষণার্থীকে যুব চেক প্রদান, ২০জন প্রশিক্ষণার্থীর মাঝে সনদপত্র ও গাছের চারা বিতরণ করা হয়।

অনুষ্ঠানটিতে ভার্চুয়ালি যুক্ত হন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক সাজিয়া আফরিন, চুয়াডাঙ্গা, সদর উপজেলা নির্বাহি অফিসার শামিম ভূঁইয়া, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ মহসীন আলী পিপিএম-বার, সদর ট্রাফিক বিভাগের টি আই ফখরুল আলমসহ যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের শিক্ষক ও

হরিনাকুন্ডুতে জাতীয় যুব দিবস উপলক্ষে যুব সমাবেশ অনুষ্ঠিত

“দক্ষ যুব সমৃদ্ধ দেশ,বঙ্গবন্ধুর বাংলাদেশ” প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের হরিনাকুন্ডুতে জাতীয় যুব দিবস-২০২১ উপলক্ষে যুব সমাবেশ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১১ টায় উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে, মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানার সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ জাহাঙ্গীর হোসাইন, মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি রওশন আলী, মুক্তি যোদ্ধা কমান্ডার মহি উদ্দীন, পৌর মেয়র ফারুক হোসেন, থানা অফিসার ইনর্চাজ (ওসি) আব্দুল রহিম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান রেশমা খাতুন, যুব উন্নয়ন কর্মকর্তা বিল্লাল হোসেন, ইউপি চেয়ারম্যান রাকিবুল ইসলাম রাসেল, মোহাম্মদ আলীসহ বিভিন্ন স্কুল কলেজের প্রধানগণ ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকৃন্দ প্রমূখ।

পরে যুব প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র এবং যুব ঋণ ও যুব কল্যাণ তহবিলের চেক বিতরণ করা হয়।

সাংবাদিক রশিদের মৃত্যুতে

হাসাদাহ প্রেসক্লাবে দোয়া অনুষ্ঠিত

হাসাদাহ প্রতিনিধিঃ জীবননগর উপজেলার প্রেসক্লাবের সাবেক সভাপতি ও সাংবাদিক সমিতির প্রধান উপদেষ্ঠা এ্যাঃ আব্দুর রশিদের মৃত্যুতে হাসাদাহ প্রেসক্লাবে তার আত্মা মাগফিরাতের জন্য দোয়া মাহাফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বিকালে হাসাদাহ প্রেসক্লাবে এ দোয়া মাহাফিলের অনুষ্ঠিত হয়। প্রেসক্লাবের সভাপতি ডিএম মতিয়ার রহমানের সভাপত্বিতে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন
প্রেসক্লাবের উপদেষ্ঠা মহাম্মদ আলী মাস্টার, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মনিরুজ্জান রিপন,সহ-সাধারণ সম্পাদক মুন্সী কবির হোসেন, কোষাধ্যাক্ষ বদিরুজ্জামান শ্যামল, প্রচার ও দপ্তর সম্পাদক আল আমিন, নির্বাহি সদস্য শিপলু রহমান, লিমন হুসাইন, প্রমুখ। দোয়া মাহাফিলে দোয়া পরিচালনা করে জাহিদুল ইসলাম।

গাংনীর গাড়াবাড়ীয়াতে পুলিশের উঠান বৈঠক অনুষ্ঠিত

‘বিট পুলিশিং বাড়ি বাড়ি,নিরাপদ সমাজ গড়ি’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে বিট নং৪ (কাথুলী) এর উদ্যোগে আইন-শৃঙ্খলা বাহিনীর উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।
সোমবার বিকালে উপজেলার গাড়াবাড়িয়ায় এই উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন মাওলানা আলামিন হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি বজলুর রহমান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) অপু সরোয়ার।

গাংনী থানার তদন্ত ওসি শাহ আলম তাঁর বক্তব্যে বলেন,সাধারণ জনগণের সেবার জন্য আমরা পুলিশ বাহিনী সর্বদা প্রস্তুত আছি।এলাকার সমস্যা

দূর করে শান্তিপূর্ণ সমাজ গঠন করতে পুলিশের পাশাপাশি সকলকে এগিয়ে আসতে হবে।

ওসি বজলুর রহমান বলেন,পুলিশ জনগণের বন্ধু। এলাকার যে কোন সমস্যা নিয়ে পুলিশের নিকট হাজির হলে সর্বোচ্চ সহযোগিতা করা হবে।এ জন্য পুলিশের কার্যক্রমকে ছোট ছোট ভাগ করে বিট পুলিশিং গঠন করা হয়েছে।

অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) অপু সরোয়ার বলেন,আপনাদের এলাকায় মাদক,সন্ত্রাস,বাল্যবিবাহ সহ নানা ধরনের অনৈতিক কার্যকলাপ সংঘটিত হলে আপনারা অতি দ্রুত পুলিশকে জানাবেন পুলিশ তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেবে।পুলিশের সেবা এখন ঘরে ঘরে পৌঁছে গেছে। আমাদদের বেতন হয় জনগনের টাকায় আমরা গর্ব করে বলতে পারি আমরা জনগনের চাকর জনগনের সেবা করায় আমাদের নিতী। আর এই সেবার মান আরো বৃদ্ধি করতে হলে এলাকার সকল মানুষের সহযোগিতা প্রয়োজন।

আগামী ইউপি নির্বাচনের নিরাপত্তা নিয়ে এক প্রশ্নের জবাবে তিনি বলেন, আপনার ভোট আপনি দিবেন যাকে খুশি তাকে দিবেন। পুলিশ ভোটারদের নিরাপত্তা রক্ষায় কাজ করবে।ভোটাররা তাদের পছন্দের প্রার্থীকে স্বাধীনভাবে ভোট দেবে। আশা করি আগামী নির্বাচনে কোনো দুর্ঘটনা ঘটবে না।যদি কোনো আইন শৃঙ্খলা পরিপন্থী ঘটনা ঘটে তাহলে পুলিশ সাথে সাথে দোষীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেবে।।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রীর মুজিবনগর স্মৃতিসৌধে শ্রদ্ধঞ্জলী অর্পন

মুজিবনগর স্মৃতিসৌধে জনপ্রশাসন প্রতিমন্ত্রী মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি অধ্যাপক ফরহাদ

হোসেন এমপি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক এমপি এবং সফর সঙ্গী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিনিয়র সচিব এন এম জিয়াউল আলম পিএএ, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার লেফটেন্যান্ট জেনার ওয়াকার- উজ্ -জামান এসজিপি, পিএসসি পুষ্পস্তবক অর্পণ করে মুক্তিযুদ্ধের সকল শহীদদের প্রতি শ্রদ্ধা জানান।
সোমবার সকালে মেহেরপুরে শেখ কামাল আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে যোগদানের উদ্যেশে ঢাকা থেকে হেলিকপ্টার যোগে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে হেলিপ্যাডে অবতরণ করেন। মুজিবনগর পর্যটন মোটেলে বাংলাদেশ পুলিশ কর্তৃক গার্ড অফ অনার প্রদান শেষে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স অবস্থিত স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন।
এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম, মেহেরপুর জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ মনসুর আলম খান, বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল কাজী অনিরুদ্ধ, মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার সুজন সরকার, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) আবদুল হাসেম এবং জেলা ও উপজেলা প্রশাসনের কর্মকর্তা কর্মচারী এবং স্থানীয় আওয়ামী লীগের নেতৃবৃন্দ।

মিথ্যা মামলা প্রত্যাহারের দাবীতে গাংনীর রাইপুর ইউপি আওয়ামীলীগের প্রতিবাদ সভা

মেহেরপুরের গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাফিজুর রহমান মকলেছসহ আওয়মীলীগ ও ছাত্রলীগ নেতা কর্মীদের বিরুদ্ধে মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে প্রতিবাদ কর্মসূচী পালন করেছে রাইপুর ইউনিয়ন আওয়ামীলীগ।

আজ সোমবার বিকেলে গাংনী ফুটবল মাঠে এ প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। রাইপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি শামসুজ্জামান মঙ্গলের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বক্তব্য রাখেন সাবেক ছাত্রলীগ নেতা

মিজানুর রহমান ও সদ্য জামিনপ্রাপ্ত নেতা হাফিজুর রহমান মকলেছ।

ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি শামসুজ্জামান মঙ্গল বলেন, মকলেছের মনোনয়ন ঠেকাতে আওয়ামীলীগের কতিপয় নেতার দ্বারা প্রভাবিত হয়ে পুলিশ তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে মামলা দিয়েছে। মকলেছের জনপ্রিয়তায় ঈর্শান্বিত হয়ে বর্তমান চেয়ারম্যান ও তার মদদ পুষ্টরা এ ধরণের ন্যাক্কারজনক কার্যক্রম করেছে যা ইউনিয়নবাসী মেনে নিতে পারছেন না। তিনি আরো বলেন, যতক্ষণ পর্যন্ত এসব নেতা কর্মীদের বিরুদ্ধে আনীত মামলা প্রত্যাহার না করা হবে ততোক্ষণ পর্যন্ত ইউনিয়নের কোন নেতাকর্মী নৌকার ভোট করবে না।
অনুষ্ঠানে কয়েক হাজার নারী পুরুষ উপস্থিত ছিলেন। পরে মোটর সাইকেল শোভাযাত্রাসহ নিজ গ্রাম রাইপুরে গমন করেন হাফিজুর রহমান মকলেছ।

ডিজিটাল বাংলাদেশের কল্যাণে মানুষ ঘরে বসে সারা দুনিয়া দেখছে

ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক এমপি বলেছেন, চারটি মূল স্তম্ভের উপর ডিজিটাল বাংলাদেশকে একটি শক্তিশালী ভিত্তির উপর দাঁড় করাতে পেরেছি। সেই চারটি ভিত্তির প্রথমত বাংলাদেশের তরুণ প্রজন্মকে দক্ষ মানবসম্পদে তৈরি করা, দ্বিতীয়ত বাংলাদেশের প্রতিটি জনগণের কাছে সুলভ মূল্যে ইন্টারনেট সেবা পৌঁছে দেওয়া, তৃতীয়ত সরকারের সকল সেবাকে ডিজিটাল মাধ্যমে সুলভ মূল্যে মানুষের দোরগোড়ায় পৌঁছে দেওয়া এবং চতুর্থ হলো একটি আধুনিক প্রযুক্তি শিল্প গড়ে তোলা। সেই কল্যাণে মানুষ ঘরে বসে সারা দুনিয়া দেখছে।
সোমবার সকালে মেহেরপুর যুব উন্নয়ন অধিদপ্তর সংলগ্ন শেখ কামাল আইটি ও ইনকিবেশন সেন্টারের ভিত্তিপ্রস্তর উদ্বোধন অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন।
প্রতিমন্ত্রী বলেন, ২০২১ সাল তিনটি বিশেষ কারণে ইতিহাসে স্মরণীয়

হয়ে থাকবে। প্রথমত ২০২০- ২১ আমরা জাতির পিতার জন্মশতবার্ষিকী উদযাপন করছি, দ্বিতীয়ত স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী পালন করছি এবং তৃতীয়ত প্রধানমন্ত্রী একটি শ্রমনির্ভর অর্থনৈতিক দরিদ্র বাংলাদেশকে ডিজিটাল বাংলাদেশ ঘোষণা যে রুপকল্প ২০২১ ঘোষনা করেছিলেন আমরা তা বাস্তবায়ন করেছি।



প্রতিমন্ত্রী বলেন, ২০০৮ সালে যখন বাংলাদেশের ৪০ শতাংশ ঘরে বিদ্যুৎ ছিল না। যখন বাংলাদেশে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা ছিল মাত্র ৫৬ লাখ। যখন বাংলাদেশের সরকারি সেবা ডিজিটাল প্লাটফর্মে তো দূরের কথা কর্মকর্তাদের ই-মেইল করার সুযোগ ছিল না। বাংলাদেশের গ্রামগুলো অন্ধকারাচ্ছন্ন ছিলো। বাংলাদেশ আধুনিক প্রযুক্তির কোন ছোঁয়া ছিলনা। প্রযুক্তিশিল্প বলতে আমাদের কোনো অস্তিত্ব ছিল না সেই ১২ বছর আগের দরিদ্র বাংলাদেশকে একটি প্রযুক্তিনির্ভর ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন আধুনিক বাংলাদেশের স্থপতি বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা। ডিজিটাল বাংলাদেশের যে মূল অবকাঠামো নির্মাণ করেছেন তরুণ প্রজন্মের অহংকার সজীব ওয়াজেদ জয়।
তিনি আরো বলেন, মহামারী করোনার কারণে যখন শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়ার পথে তখন এই আইসিটির মাধ্যমে শিক্ষার্থীদের লেখা-পড়ার সুযোগ করে দিয়েছে সরকার। আজ থেকে বারো বছর আগে যখন শিক্ষকরা বিদ্যালয়ের তথ্য আদান-প্রদানের ক্ষেত্রে ই-মেলের কথা ভাবতেও পারেনি। বঙ্গবন্ধুর কন্যা জননেত্রী শেখ হাসিনার পুত্র তথ্য উপদেষ্টা সজিব ওয়াজেদ জয় তার মেধা খাটিয়ে আইসিটির মাধ্যমে ই-মেলসহ সকল ধরণের তথ্য আদান-প্রদান করার ব্যবস্থা করেছেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেন, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সদিচ্ছার কারণে বাংলাদেশ আজ এগিয়ে যাচ্ছে। আজ যে আইটি ও ইনকিবেশন সেন্টারের ভিত্তিপ্রস্তুরের উদ্বোধন করা হলো সেখানে দেশ-বিদেশের আইসিটি বিশেজ্ঞদের সহযোগিতায় এলাকার বেকার-যুবকরা প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ হয়ে উঠবে। এমনকি কর্মসংস্থানের সুযোগ পাবে।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তথ্য ও প্রযুক্তি বিভাগের সিনিয়র সচিব এনএম জিয়াউল আলম, সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার লেফটেনেন্ট জেনারেল ওয়াকার-উজ-জামান, এসজিপি,পিএসসি, বাংলাদেশ ডিজেল প্লান্ট ব্যবস্থাপনা পরিচালক বিগ্রেডিয়ার কাজী অনিরুদ্ধ, মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান,